DEC 10 2001

দৈনিক ইনকিলাব

মতবিনিময় সভায় ভিসি

## চট্টগ্রামের ইসলামী ভার্সিটিতে উচ্চশিক্ষার গুণগত মান নিশ্চিত করা হবে

**চট্টগ্রাম ব্যুরো :** আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম-এর ভাইস চ্যান্সেলর প্রফেসর মোহাম্মদ আলী উচ্চশিক্ষার গুণগত মান নিশ্চিত করে তাতে আধ্যাত্মিক ও নীতি-নৈতিকতার মূল্যবোধকে প্রাধান্য দেয়ার ব্যাপারে গুরুত্বারোপ করেছেন। তিনি গতকাল (রবিবার) বিশ্ববিদ্যালয় ট্রাস্ট আয়োজিত সাংবাদিকদের সাথে মতবিনিময় ও ইফতার অনুষ্ঠানে এ কথা বলেন। তিনি উল্লেখ করেন যে, বেসরকারী অন্যান্য বিশ্ববিদ্যালয় যেখানে মুনাফার ভিত্তিতে পরিচালিত হচ্ছে, চট্টগ্রামে ইসলামী বিশ্ববিদ্যালয় সে ক্ষেত্রে সম্পূর্ণ মুনাফাবিহীন অর্থাৎ উচ্চশিক্ষাকে সহজলভ্য ও যথাযথ মানসম্পন্ন করতে বদ্ধপরিকর। অনুষ্ঠানে ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম ট্রাস্ট সেক্রেটারী আলহাজ্ব মুহাম্মদ বদিউল আলম লিখিত বক্তব্যে বলেন, প্রতিষ্ঠাকালের বিগত ৭ বছরে এ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও ভৌত কাঠামোর যথেষ্ট অগ্রগতি লাভ করেছে। আগামী ২৮-২৯ মার্চ ২০০২ বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হবে। একই দিন বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস উদ্বোধন করা হবে। প্রথম সমাবর্তনে প্রেসিডেন্টসহ ৪০ জন বিদেশী মেহমান থাকবেন।